দর্শনা পৌরসভা নির্বাচন উপলক্ষে আইনশৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা

আগামী ৩০শে জানুয়ারী দর্শনা পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নিয়ে আইনশৃঙ্খলা ও আচরণ বিধিমালা প্রতিপালন বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ সভা কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মো: নজরুল ইসলাম সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার মো: জাহিদুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন অফিসার তারেক আহম্মেদ, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যন আলী মুনছুর বাবু।

এছাড়াও উপস্থিত ছিলেন দামুড়হুদা সার্কেল আবু রাসেল, দামুড়হুদা উপজেলা নির্বাচন অফিসার ইসহাক আলি, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহবুবুর রহমান, দর্শনা পৌরসভার বর্তমান মেয়র ও আওয়ামী লীগের (নৌকা) প্রার্থী মতিয়ার রহমান, জাতীয়তাবাদী দল বিএনপি (ধানের শীষ) প্রার্থী হাবিবুর রহমান বুলেট ও জামায়াত সমর্থিত (মোবাইল) প্রার্থী আশকার আলী, সকল ওর্য়াড কাউন্সিলর প্রার্থীরাসহ সাংবাদিক, আইন শৃঙ্খলা বাহিনীর কর্মকর্তা-কর্মচারী প্রমুখ।

বিশেষ অতিথির বক্তব্যে পুলিশ সুপার মো: জাহিদুল ইসলাম বলেন, দর্শনা পৌরসভার সাধারণ নির্বাচন আবাধ-সুষ্ঠু করতে কঠোর থেকে কঠোর অবস্থানে যাবে পুলিশ।

জেলা প্রশাসক মো: নজরুল ইসলাম সরকার বলেন, দামুড়হুদা উপজেলার দর্শনা পৌরসভার সাধারণ নির্বাচনে কোন ধরণের অনিয়ম হতে দেওয়া হবেনা। যদি কেউ নির্বাচন নিয়ে নোংরামো করতে আসে তবে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সুষ্ঠু নির্বাচনের লক্ষে কোনো প্রকার অনিয়ম সহ্য করা হবে না। এ নির্বাচনে নির্বাচনী এলাকায় ৯ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও প্রতিটি ওর্য়াডে ১ জন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট দায়িত্বে থাকবেন। এছাড়াও নির্বাচনী এলাকায় পর্যাপ্ত পরিমাণ পুলিশ, র্যাব

বিজিবিসহ আইনশৃঙ্খলা বাহিনী নিয়োজিত থাকবে।

জনগণের কথা বিবেচনা করে এবং তাদের যেন কোন স্বাস্থ্য ঝুঁকি না থাকে সে কারণে স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে ভোট কেন্দ্রে যাওয়ার আহবান জানান।

এক অসহায় নারীকে চুয়াডাঙ্গার পুলিশ সুপারের ঔষধ প্রদান

অসহায় খাদিজা খাতুন (৬০) কে প্রয়োজনীয় ঔষধ প্রদান করলেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার। প্রতিদিন পুলিশ সুপার চুয়াডাঙ্গার কার্যালয়ে ব্যক্তিগত বিভিন্ন সমস্যা নিয়ে হাজির হন নানা শ্রেণী পেশার বিভিন্ন বয়সী অসহায় মানুষ।

খাদিজা খাতুন (৬০), স্বামী-মৃত বাদল, সাং-মোচাইনগর, থানা- আলমডাঙ্গা, জেলা-চুয়াডাঙ্গা তাদেরই একজন। তিনি কারো বিরুদ্ধে কোন অভিযোগ জানাতে পুলিশের কাছে আসেননি। দারিদ্রের কষাঘাতে জর্জরিত হয়ে তিনি একটুখানি আশা নিয়ে পুলিশ সুপারের কাছে আসেন। ভরণ-পোষণ দেওয়ার মত স্বামী কিংবা সন্তান তার নাই। পুলিশের মানবিকতাই তাকে পুলিশ সুপারের কার্যালয় পর্যন্ত টেনে নিয়ে এসেছে। প্রয়োজন কিছু ঔষুধের। চাহিদা খুবই কম। কিন্তু এই সল্প চাহিদা পূরণের ভরসাস্থল তার অজানা।

অশ্রুসিক্ত দুটি নয়নে অসহায়ের মত পুলিশ সুপারের সামনে হাজির হলে পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম তাকে মায়ের সম্মানে কাছে টেনে নেন। অত্যন্ত আন্তরিকতার সাথে শোনেন তার দুঃখের কথা। তাৎক্ষণিকভাবে খাদিজা খাতুনের প্রয়োজনীয় ঔষধ কিনে দেন তিনি এবং আশ্বস্ত করেন চুয়াডাঙ্গাবাসীর যে কোন প্রয়োজনে পুলিশ সুপারের দুয়ার ২৪ ঘন্টা খোলা আছে।

পুলিশ সুপার বলেন, সমাজের সর্বস্তরের সামর্থ্যবান মানুষ যদি অসহায় সুবিধা বঞ্চিতদের দিকে একটু সুদৃষ্টি দেয়, তাহলে আমাদের সমাজে সুবিধা বঞ্চিতদের মুখেও হাসি ফোটানো সম্ভব। এ সময় তিনি

আইন-শৃঙ্খলা রক্ষাসহ সকল বিষয়ে চুয়াডাঙ্গা জেলাবাসীর সহযোগীতা কামনা করেন।

জীবননগরের হাসাদাহে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ

জীবননগর উপজেলার হাসাদাহে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকাল ৩ ঘটিকার সময় হাসাদাহ বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের মাঠ প্রাঙ্গণে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

উক্ত ফাইনাল খেলায় অংশগ্রহণ করে ঝিনাইদহ বিষয়খালী ফুটবল একাদশ ও জীবননগর খেলোয়াড় কল্যাণ সমিতি ফুটবল একাদশ। উক্ত খেলায় জীবননগর খেলোয়াড় কল্যাণ সমিতিকে দুই এক গোলে পরাজিত করে ঝিনাইদহ বিষয়খালী ফুটবল একাদশ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খেলা শেষে উভয় দলের টিম ম্যানেজারের হাতে পুরস্কার বিতরণ করা হয়।

হাসাদাহ ইউনিয়ন যুবলীগের সভপতি জুম্মত আলী মন্ডলের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান গোলাম মোতুর্জা।

এছাড়াও উপস্থিত ছিলেন হাসাদাহ ইউপি চেয়ারম্যান রবিউল ইমলাম রবি বিশ^◌াস, চুয়াডাঙ্গা জেলা পরিষদের ১৪ নং ওয়ার্ড সদস্য শফিকুল আলম নান্নু, জীবননগর উপজেলা ভাইস চেয়ারম্যান আব্দুস ছালাম ঈষা, হাসাদাহ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাইদুর রহমান, মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল খালেক, হাসাদাহ প্রেস ক্লাবের সভাপতি ডি.এম মতিয়ার রহমান, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, কোষাধ্যক্ষ বদরুজ্জামান শ্যামল, প্রচার ও দপ্তর সম্পাদক আল আমিন, হাসাদাহ ৫নং ওয়ার্ড আওয়ামী

লীগের সভাপতি শুকুর আলী, হাসাদাহ ইউনিয়ন যুবলীগের সহ-সভাপতি মিন্টু রহমানসহ হাসাদাহ ইউনিয়নের সকল নেতৃবৃন্দ।

উক্ত খেলাটি সার্বিক পরিচালনা করেন ঢাকা ফেডারেশনের স্বীকৃতি প্রাপ্ত রেফারি সোহেল রানা, সহকারী হিসেবে ছিলেন ইসমাইল হোসেন ও হাবিবুর রহমান। খেলাটির ধারাভাষ্যকারে ছিলেন খোরশেদ আলম এবং ছাব্বির হোসেন ।

জীবননগরে শীতে হাসপাতালে বাড়ছে ডায়রিয়া রোগীর সংখ্যা

হাড়-কাঁপানো শীত ও ঘন কুয়াশায় বিপর্যস্ত হয়ে পড়েছে জীবননগর উপজেলার জনজীবন। মাঘের শুরু থেকে হাড়-কাঁপানো তীব্র শীতে থমকে গেছে এই উপজেলার মানুষের জীবনযাত্রা। বিপাকে পড়েছে দিনমজুর ও ছিন্নমূল মানুষেরা। সবচেয়ে বেশি বিপদে পড়েছে শিশু ও বৃদ্ধরা।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সূত্রে জানা গেছে, গত তিন দিনে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে শীতজনিত ডায়রিয়া রোগীর সংখ্যা ৩০ জন ছাড়িয়েছে।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ঔষধ সংকট থাকায় চরম বিপাকে পড়েছেন ডায়রিয়া জনিত রোগে আক্রান্ত রোগীর পরিবার। এদিকে সকাল থেকে ঘন কুয়াশার কারণে রাস্তাগুলো ছিলো ফাঁকা, মহাসড়কগুলোতে দুই একটা যানবাহন চললেও ধীর গতিতে হেডলাইট চালিয়ে চলাচল করতে দেখা গেছে।

শীত নিবারণের জন্য অনেককে খড়-কুটা দিয়ে আগুন জ্বালাতে দেখা গেছে। জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিক্যাল অফিসার ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু বলেন, কয়েকদিন ধরে এই উপজেলার উপর দিয়ে বয়ে যাচ্ছে মৃদু শৈত্যপ্রবাহ সঙ্গে হিম বাতাস। যার ফলে শিশুদের ডায়রিয়া ও ঠাণ্ডা জনিত নিউমনিয়া হচ্ছে।

হাসপাতালে যে সমস্ত রোগী ভর্তি হচ্ছে তাদের চিকিৎসা দেওয়া হচ্ছে

এবং ঔষধ দেওয়া হচ্ছে। ঔষদের তুলনায় রোগীর সংখ্যা বেশি হওয়ায় একটু সমস্যা হচ্ছে তবে খুব শীঘ্রই এর সমাধান হয়ে যাবে।

এদিকে যে সমস্ত বাচ্চারা বাড়িতে ডায়রিয়ায় আক্রান্ত হয়েছে তাদের অবশ্যই বেশি করে স্যালাইন পানি খাওয়াতে হবে এবং শীতের সময় বাইরে বের হতে দেওয়া যাবে না ।

জীবননগরে প্রান্তিক কৃষকদের দিন ব্যাপী কৃষি প্রশিক্ষণ

জীবননগরে দিন ব্যাপী প্রান্তিক কৃষকদের কৃষি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার সময় ব্র্যাক ও বায়ার গ্রুপ সাইন্স লিমিটেডের আয়োজনে জীবননগর উপজেলার রায়পুর মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে পুষ্টিকর সবজি চাষসহ বিভিন্ন ধরণের চাষের উপর দিন ব্যাপী ১০০জন প্রান্তিক কৃষকদের কৃষি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস,এম মুনিম লিংকন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্র্যাকের সিনিয়র ট্রেনার এমএ কাইউম, সিনিয়র ট্রেনার ইমদাদুল হক, ইরফান, বায়ার কোম্পানী জীবননগর উপজেলার টেরিটরি জিএম মাসুদুর রহমান, এগ্রী কনসালটেন্ট হারুন অর রশিদ, এফএ বিল্লাল হোসেন, সিসিএ মেহেদী হাসান প্রমুখ।

আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে

আওয়ামী লীগের মনোনীত মেয়র প্রার্থীর মোটরসাইকেল শোডাউন

আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত নৌকার মেয়র প্রার্থী হাসান কাদির গনু মোটর সাইকেল শোডাউন করেছেন।

তিনি গতকাল বুধবার বিকেলে তার কর্মী সমর্থক নিয়ে কলেজ প্রাঙ্গণ থেকে এক বিরাট মোটর সাইকেল র্যালী বের করেন। র্যালীটি আলমডাঙ্গা শহর থেকে কলেজপাড়া, আনন্দধাম, সোনাপট্রি, পশুহাট, স্টেশনপাড়া, বন্ডবিল, গোবিন্দপুর, এরশাদপুর হাইরোড়সহ বিভিন্ন এলাকা ঘুরে কলেজ প্রাঙ্গণে শেষ হয়।

র্যালী শেষে মেয়র প্রার্থী হাসান কাদির গনু বলেন, নৌকা মার্কায় আমাকে মনোনীত করায় বঙ্গবন্ধুর কন্যা জননেত্রী শেখ হাসিনাকে আন্তরিক অভিবাদন ও ধন্যবাদ।

তিনি আল্লার কাছে শুকরিয়া আদায় করে বলেন, আলমডাঙ্গা পৌরবাসি আমাকে তিনবার ভোট দিয়ে নির্বাচিত করেছে, আমি আপনাদের কাছে ঋণি। আগামী ১৪ তারিখের নির্বাচনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাকে মনোনয়ন দিয়ে নৌকা প্রতীক দিয়েছেন, আপনাদের কাছে অনুরোধ উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আপনারা নৌকা প্রতীকে ভোট দিয়ে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করবেন।

আমি আমার নেতা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন এমপিকে সাথে নিয়ে আগামী দিনে আপনাদের সেবা করতে পারি সেই সুযোগ আমাকে দেবেন। এমপি ছেলুনের সহায়তায় সম্প্রতি পৌরসভায় ৩৩ টি রাস্তার কাজ উদ্বোধন করেছি। কাজ চলছে, ভোটের আগেই রাস্তার কাজ শেষ হবে ইনশাল্লা।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক কাজী রবিউল হক, সহ-সভাপতি হামিদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আতিয়ার রহমান, আলম হোসেন, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, যুগ্ম-সম্পাদক সাইফুর রহমান পিন্টু, পৌর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, জেলা মৎসজীবী লীগের আহবায়ক সাহাবুল হক, জেলা পরিষদ সদস্য মিজানুর রহমান মিজান,

উপজেলা ভাইস চেয়ারম্যান উপজেলা ছাত্রলীগ সভাপতি সালমুন আহমেদ ডন,

কৃষকলীগ নেতা আশাদুল হক, যুবলীগ নেতা সাজ্জাদুল ইসলাম স্বপন, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, ছাত্রলীগ নেতা হাসান, বাদসা, সাকিব, রকিসহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মী উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বাঁশ-বেত শিল্পীদের মাঝে কম্বল বিতরণ

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় বিলুপ্ত প্রায় বাঁশ-বেত শিল্পীদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এই কম্বল বিতরণ করেন।

কার্পাসডাঙ্গা বাঁশ-বেত শিল্পীরা জানান, বুধবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান তাদের অজান্তে হঠাৎ তাদের মহল্লায় উপস্থিত হয়। তারা উপজেলা নির্বাহী অফিসারের গাড়ি দেখে এগিয়ে গেলে উপজেলা নির্বাহী অফিসার তাদের কম্বল দেওয়া হবে বলে জানায়।

এ সময় উপজেলা নির্বাহী অফিসার বাড়ী বাড়ী গিয়ে প্রত্যেক পরিবার ও তাদের আশেপাশের দুস্থ অসহায় নারীদের হতে কম্বল তুলে দেন। এই প্রথম বারের মত প্রচণ্ড শীতে কম্বল পেয়ে তারা খুব খুশি।

চুয়াডাঙ্গায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন

‘তথ্য প্রযুক্তির সদ্ব্যবহার, আসক্তি রোধ’ শ্লোগান নিয়ে চুয়াডাঙ্গায় ৪২তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকালে চুয়াডাঙ্গা ডিসি সাহিত্য মঞ্চে মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মনিরা পারভীনের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) মো. আবু তারেক, আদর্শ সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. আজিজুর রহমান, সাবেক অধ্যক্ষ সিদ্দিকুর রহমান ও জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের মেলায় ২৪টি স্টল স্থাপন করা হয়েছে।

আলোচনা সভায় জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ছাত্র-ছাত্রীদেরকে বিজ্ঞান মনস্ক হিসেবে গড়ে তুলতে সাহায্য করবে। আশা করবো এখান থেকে অর্জিত জ্ঞান দেশের কল্যাণে কাজে লাগবে।

আলমডাঙ্গায় এএমবি ইট ভাটায় পুড়ছে বনজ কাঠ

আলমডাঙ্গার কুমারি এএমবি ইট ভাটায় পুড়ছে বনজ কাঠ। পরিবেশ দূষন হলেও কর্তৃপক্ষ নিরব। দীর্ঘদিন প্রশাসনকে ম্যানেজ করেই এ ভাটায় ইট পুড়িয়ে রমরমা ব্যবসা পরিচালনা করছে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার কুমারি ইউনিয়নের সরকারি নির্মিত ভ্যাটেনারি কলেজ প্রাঙ্গণে দীর্ঘদিন অবৈধ ভাবে ভাটা পরিচালনা করে আসছে। এখানে সরকারি প্রতিষ্ঠান ও ঘন বসতবাড়ি উপেক্ষা করেই ভাটায় বনজ খড়ি পুড়িয়ে পরিবেশ নষ্ট করছে।

প্রশাসন আলমডাঙ্গা উপজেলার বিভিন্ন ইট ভাটায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করলেও এ ইট ভাটায় অদৃশ্য ছায়ায় প্রশাসনের চোঁখ এড়িয়ে যায়।

এদিকে, এএমবি ইট ভাটায় অজস্র মাটি ও ইটের গাড়ি যাতায়াতের কারণে

গ্রামীণ রাস্তা ও প্রধান রাস্তায় মাটি পড়ে থাকায় দুর্ভোগে পড়তে হয় এলাকাবাসীকে।

এছাড়াও, মাটি পড়ার কারণে রাস্তায় ব্যাপক ধূলার সৃষ্টি হচ্ছে হচ্ছে। ভাটা কতৃপক্ষকে এলাকাবাসী জানালেও তারা কোন পদক্ষেপ না নিয়ে বরং তাদের উপরে রাজনৈতিক ক্ষমতা দেখাচ্ছে।

ইট ভাটায় খড়ি পোড়ানোর বিষয়ে ভাটা মালিক আব্দুল মজিদের সাথে কথা হলে তিনি বলেন, আমাদের ইট ভাটায় খড়ি পোড়ানোর অনুমোদন আছে। আমরা খড়ি পোড়াই আর যাই করি তোমাদের কোন সমস্যা।

আলমডাঙ্গায় আইন শৃঙ্খলা কমিটির সভা

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্টিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা পরিষদ হলরুমে সভা অনুষ্টিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলীর সভাপতিত্বে, অনুষ্টানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আয়ুব হোসেন। তিনি বলেন, আমি মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাস করি, আমার বিশ্বাস বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা একদিন প্রতিষ্টা লাভ করবে, এ বছর আমরা স্বাধীনতার সুবর্ন জয়ন্তি পালন করব, তার কন্যা জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশকে ক্ষুধা মুক্ত, দারিদ্রমুক্ত দেশ হিসেবে পরিচিত করাবে, কোন মানুষ গৃহহীন থাকবে না, মাদক কে আমরা বয়কট করেছি, বাল্যবিবাহ বন্ধ করতে হবে।

বর্তমানে আলমডাঙ্গায় আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো আছে, বিশেষ করে বর্তমান ওসি সাহেব আইন শৃঙ্খলা পরিস্থিতি ভলো রাখতে স্বর্বাত্বক চেষ্টা করছে।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাড. সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মার্জাহান

নিতু, সহকারি কমিশনার (ভূমি) হুমায়ন কবির, উপজেলা প.প.কর্মকর্তা ডাঃ হাদী জিয়াউদ্দিন আহম্মদ, থানা অফিসার ইনচার্জ আলমগীর কবির, জেলা চেয়ারম্যান সমিতির সভাপতি নুুরুল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান সমিতির সভাপতি কাউছার আহম্মেদ বাবলু, সম্পাদক নুরুল ইসলাম নুরু। সভায় স্বাগত বক্তব্য রাখেন থানা অফিসার ইনচার্জ আলমগীর কবির।

সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিনের উপস্থাপনায় বক্তব্য রাখেন উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি, কৃষি অফিসার সোহরোয়ার্দী, শিক্ষা অফিসার আব্দুল বারি, মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, বিআর ডিবি কর্মকর্তা সায়লা সারমিন, সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম সরোয়ার।

যুব উন্নয়ন কর্মকর্তা আনিছুর রহমান, আরও বক্তব্য রাখেন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ইউপি চেয়ারম্যান আমিরুল ইসলাম মন্টু, ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলাম, মৎস সম্প্রসারণ কর্মকর্তা সাহিনা আক্তার, ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদ, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, আনছার ভিডিপি কর্মকর্তা, খাদ্যকর্মকর্তা মোফাখ্ খাইরুল, ইউপি চেয়ারম্যান আমিনুল হক রোকন, মাসুদ পারভেজ, মোস্তাফিজুর রহমান, নজরুল ইসলাম, প্রেস ক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, আবাসিক প্রকৌশলী হাবিবুর রহমান, প্রকল্প কর্মকর্তা এনামুল হক, সরকারি স্কুলের প্রধান শিক্ষক রবিউল ইসলাম, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান প্রমুখ।

সভায় থানার অফিসার ইনচার্জসহ বক্তাগণ বলেন করোনাকালীন আমদের সকলেই পরিবার পরিজনসহ সকলকে নিয়ে সমস্যার মধ্যে দিয়ে দিন কাটাছে। আমরা আশা করি খুব তাড়াতাড়ি সরকার করোনার ভ্যাকসিন দেওয়া শুরু করবে। চুয়াডাঙ্গা জেলায় ৩ হাজার ৬ শত ভ্যাকসিন পেয়েছি।